স্ত্রীর সাথে ইন্টারনেটে চ্যাট করে পুলকিত হওয়া প্রসংগে

(বাংলা - Bengali- البنغالية)

মুহাম্মাদ সালেহ আল মুনাজ্জিদ

http://www.islamqa.com

ইসলাম প্রচার ব্যুরো, রাবওয়াহ, রিয়াদ

2009 - 1430

islamhouse.com

প্রশ্ন

আমি সৌদি আরবে কাজ করি। আলহামদু লিল্লাহ, আমি যথাসাধ্য সুন্নতের পাবন্দ থাকার চেষ্টা করি। আমি রীতিমত মসজিদে নামাজ আদায় করি। এই প্রথমবার আমি আমার ফ্যামিলিকে দেশে রেখে আসি বাচ্ছাদের পড়াশোনার প্রয়োজনে। আমি যখন ইন্টারনেটের মাধ্যমে আমার স্ত্রীর সাথে কথা বলি, অডিও এবং ভিজুয়াল উভয় পদ্ধতিতে, আমি তখন মাঝে-মধ্যে স্ত্রীকে তার দেহের বিশেষ অংশ দেখাতে বলি। এর দ্বারা আমি যৌন উত্তেজনা অনুভব করি, যা ঠেকিয়ে রাখা আমার পক্ষে অসম্ভব হয়ে পড়ে। অতঃপর আমি হস্তমৈথুন করে নিজেকে শান্ত করি। স্ত্রীর আশ্রয় ব্যতীত অন্য কোনোভাবে যৌনক্ষুধা মেটানো যাবে না বলে সূরা মুমিনুনে (আয়াত:২৩:৬) যে বাণী রয়েছে আমার এ কর্ম কি তার আওতায় পড়বে? আমি জানি হস্তমৈথুন হারাম। তবে সে তো আমার স্ত্রী যার প্রতি আমি তাকাচ্ছি। আমার কি করণীয় আসা করি জানিয়ে কৃতজ্ঞ করবেন। আল্লাহ আপনাকে উত্তম জাযা দান করুন।

উত্তর

আল হামদুলিল্লাহ।

চ্যাট প্রোগ্রামে স্ত্রীর সাথে কথা বলে অথবা তাকে দেখে তৃপ্তি আস্বাদন বৈধ রয়েছে। তবে শর্ত হল অন্য কেউ যেন স্বামী-স্ত্রীর আলাপচারিতা শুনতে না পায় অথবা স্ত্রীর শরীরের কোনো অংশ দেখতে না পায় সে ব্যাপারে সতর্কতা অবলম্বন।

হস্তমৈথুনের ব্যাপারে সাধারণ ব্যাকরণ হল যে, তা হারাম। তবে যদি কেউ যিনায় লিপ্ত হওয়ার আশঙ্কা বোধ করে তবে তার কথা ভিন্ন।

শায়খ ইবনে উসাইমিন রা. একবার জিজ্ঞাসিত হয়েছিলেন যে, স্বামী-স্ত্রীর জন্য টেলিফোনে সেক্স বিষয়ে আলাপ করা এবং একে অন্যকে এমনভাবে উত্তেজিত করা যে উভয়ের হস্তমৈথুন ব্যতীতই তৃপ্ত হয়ে যায়, এরূপ করা কি বৈধ হবে? প্রশ্নকারী বলেন, এরূপ করার পেছনে কারণ হল; আমার স্বামী প্রায়শঃ সফরে থাকেন। ফলে আমরা কেবল প্রতি চার মাস পরপর মিলিত হতে পারি।

উক্ত প্রশ্নের উত্তরে শায়খ বলেছিলেন: এরূপ করায় কোনো সমস্যা নেই। এটা বরং অনুমোদিত।

উল্লিখিত অবস্থায় হস্তমৈথুন যুক্ত হলে তার হুকুম কি ? শায়খকে প্রশ্নকারী এ বিষয়েও জিজ্ঞাসা করেছিলেন। তিনি উত্তরে বলেছিলেন: হস্তমৈথুনের বিষয়টি অধিক আলোচনার দাবি রাখে। তবে সংক্ষেপে বলা যায়, হস্তমৈথুন কেবল তখনই বৈধ যখন কোনো ব্যক্তির যিনায় লিপ্ত হওয়ার আশঙ্কা থাকে।

প্রশ্নকারী আরো জিজ্ঞাসা করেছিলেন: যদি হস্তমৈথুন যুক্ত না হয় তবে তো কোনো সমস্যা নেই। শায়খ বলেছিলেন: না, কোনো সমস্যা নেই। স্বামী যদি স্ত্রীর সাথে নিবিড়ভাবে মিলিত হওয়ার ব্যাপারে কল্পনা করে তবে এতে দোষের কিছু নেই।

সমাপ্ত